

আলিম ২৩০ ফেব্রুয়ারি ১৯৭১
পূর্ণ নং ... বাবুগঠন

মুনাফার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় চলতে/ দেওয়া হবে না

শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
মুনাফার উদ্দেশ্যে কোনো
বেসরকারি বিশ্ববিদ্যালয় চলতে
দেওয়া হবে না বলে জানিয়েছেন
শিক্ষামন্ত্রী মুরল ইসলাম নাহিদ।
তিনি বলেছেন, 'নির্ধারিত শর্ত পূরণ
করতে যে সব বেসরকারি
বিশ্ববিদ্যালয় বার্ষ হয়েছে, যারা
নিজস্ব ক্যাম্পাসে যায়নি, একাধিক
ক্যাম্পাস পরিচালনা করছে তাদের
বিরুদ্ধে শিক্ষার্থী ভৱিত বক্সহ
আইনুন্নাগ ব্যবহা নেওয়া হবে।'

গতকাল খবরার ঢাকার
সভারের আঙ্গুলিয়ায় 'ডাফোডিল
ইন্টারনাশনাল ইউনিভার্সিটি'র
(ডিআইইউ) নিজস্ব ক্যাম্পাসে
বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ সমাবর্তনে
সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা
বলেন। এবারের সমাবর্তনে তিনি
হজার ৪৭৩ জন স্নাতক
স্নাতকোত্তর শিক্ষার্থীকে ডিপ্লি দেওয়া
হয়। এর মধ্যে চারজন পান
চ্যাম্পেল স্বর্ণপদক।
সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিতি
ছিলেন ভারতের ডিআইটি
ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও
চ্যাম্পেল এবং এডুকেশন প্রযোশন
সোসাইটি ফর ইন্ডিয়ার সভাপতি ড.
জি বিশ্বনাথন। এ ছাড়া বক্তৃব্য
রাখেন বিশ্ববিদ্যালয় মণ্ডুর
কর্মসূলের চেয়ারমান অধ্যাপক
আব্দুল মামান, ডিআইইউ উপাচার্য
প্রফেসর ড. ইউসুফ মাহমুদুল
ইসলাম ও বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব
ট্রাস্টিজের

■ পৃষ্ঠা ৪ : কলাম ৭

মুনাফার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়

[১৯ পৃষ্ঠার পর]

চেয়ারম্যান মো. সবুর খান। মুরল ইসলাম নাহিদ বলেন, দেশ ঘরখন উন্নয়নের
ধারা অব্যাহত রেখে এগিয়ে যাচ্ছে ঠিক তখনি একদল শার্ধীনতবিরোধী এ উন্নয়ন
ও অগ্রগতিকে ব্যাহত করার জন্য ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে এদেশের মেধাবী
শিক্ষার্থীদের সজ্ঞাস ও জিপি কার্যক্রমের সঙ্গে জড়িয়ে তাদের ধরণসের মুখে ঠেলে
দেওয়ার অপচেষ্টায় লিঙ্গ রয়েছে। তাদের কুমক্ষণায় প্রৱেচিত হয়ে বেশকিছু
তরুণ মেধাবী ইতিমধ্যে বিপথগামী হয়েছে। তিনি বলেন, এই তরুণ, মেধাবী,
কোমলমতি, প্রাণবর্ত্ত ও সম্ভাবনাময় শিক্ষার্থীরা যাতে ইসলামের ভুল
ব্যাখ্যাদানকারী জিসিদের কবলে পড়ে জীবন ধ্বংস না করে সেদিকে সবাই সজাগ
দৃষ্টি রাখবেন।

সমাবর্তনে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মামান বলেন,
'ডাফোডিল ইউনিভার্সিটি নিয়মিতভাবে গবেষণা চালিয়ে যাচ্ছে এবং নতুন
উদ্যোগ তৈরি করছে, যা বহুতর উন্নয়নের দিগন্ত উন্মোচন করবে। এই
বিশ্ববিদ্যালয় দেশের আইসিটি খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।
ডিআইইউ উদ্যোগী সৃষ্টির ধারা অব্যাহত রাখলে শিক্ষার্থীরা চাকার খৌজার
পরিবর্তে নিজেরাই চাকার দিতে পারবে।'